অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট টাসফোর্সের থেকে প্রসবকালীন মৃত্যু এবং বর্ণ বৈষম্যের রিপোর্ট পেয়েছেন

রিপোর্ট সুপারিশের লক্ষ্য হল প্রসবকালীন পরিণতির উন্নতিসাধন, বর্ণ ও অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ এবং প্রসবকালীন মৃত্যু এবং রোগের প্রকোপ হ্রাস করা

সুপারিশগুলি বাস্তবায়িত করতে এক্সিকিউটিভ বাজেট 8 মিলিয়ন ডলার বিনিয়োগ করে

সুপারিশগুলি গঠিত হয়েছে এবং প্রভাবিত কমিউনিটির সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে বাস্তবায়িত করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট টাসফোর্সের থেকে প্রসবকালীন মৃত্যু এবং বর্ণ বৈষম্যের রিপোর্ট পেয়েছেন। গভর্নরের উইমেন'স অ্যাজেন্ডাতে অন্তর্ভূক্ত রিপোর্টের সুপারিশগুলি, গত এপ্রিলে গভর্নরের ঘোষিত প্রসবকালীন মৃত্যুর হার হ্রাস করার বহুমুখী উদ্যোগের ভিত্তিতে গঠিত। নিউ ইয়র্কে প্রসবকালীন পরিণতির উন্নতিসাধন, বর্ণ ও অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ এবং প্রসবকালীন মৃত্যু এবং রোগের প্রকোপ হ্রাস করার লক্ষ্যে টাস্কফোর্সের সুপারিশগুলি করা হয়েছে। প্রসবকালীন মৃত্যুর টাস্কফোর্সে কমিউনিটি সদস্যদের প্রত্যক্ষ অংশগ্রহণ জরুরি, এবং এই প্রক্রিয়ার অংশ হিসাবে সবথেকে ক্ষতিগ্রস্ত কমিউনিটিদের মতামতকে গভর্নর গুরুত্ব প্রদান করবেন।

"শিশুর জন্ম দেওয়ার আগে, সময়ে এবং পরে প্রত্যেক নারির উচ্চ মানের স্বাস্থ্য পরিচর্যা পাওয়া উচিৎ", **গভর্নর কুওমো বলেন,** " জন্ম দেওয়ার পূর্বে নারিদের প্রয়োজনীয় যত্ন এবং তথ্য পেতে যে প্রতিবন্ধকতাগুলি আসে সেগুলি দূর করতে আমরা আগ্রাসী পদক্ষেপ নিচ্ছি, এবং এই রিপোর্টের থেকে পাওয়া তথ্য এবং সুপারিশগুলি আমাদের বর্ণ বৈষম্য হ্রাস করতে এবং প্রসবকালীন মৃত্যুর বিরুদ্ধে লড়াই করার প্রচেষ্টাকে আরো শক্তিশালী করবে।"

যদিও গত আট বছরে নিউ ইয়র্ক স্টেট প্রসবকালীন মৃত্যুর হার বহুলাংশে হ্রাস করেছে, তবুও শিশুর জন্ম দেওয়ার সময় কৃষ্ণাঙ্গ নারিদের মৃত্যুর সম্ভাবনা শ্বেতাঙ্গ নারিদের থেকে দুই থেকে তিন গুণ বেশি। টাস্কফোর্স ছয়-মাস ধরে সমস্যাটির একটি পরীক্ষা নীরিক্ষা করেছে এবং নিম্নলিখিত 10টি সুপারিশ গঠন করেছে:

1. আইনসভায় অনুমোদিত বিধিবদ্ধ আইনে একটি স্টেট ব্যাপী প্রসবকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড (Statewide Maternal Mortality Review Board) গঠন

2. হসপিটালগুলির জন্য অন্যায্য জাতিগত পক্ষপাতের উপর একটি ব্যপক প্রশিক্ষণ ও শিক্ষাদান কর্মসূচি

3. মান উন্নয়নের জন্য প্রসবকালীন ফলাফলগুলির উপর একটি ব্যপক তথ্যভাণ্ডার গঠন

4. ধাত্রীদের ন্যায়সঙ্গত প্রতিদান প্রদান

5. নিউ ইয়র্ক স্টেটে কমিউনিটি স্বাস্থ্য কর্মী পরিষেবাগুলির (Community Health Worker Services) সম্প্রসারণ এবং বৃদ্ধি

6. প্রয়োজনীয় বৈচিত্র্যের সমাধানে ধাত্রীদের জন্য একটি স্টেট ইউনিভারসিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) স্কলারশিপ প্রোগ্রাম তৈরি করা

7. পরিষেবা প্রদানকারী সেই সাথে মেডিকেল ও নার্সিং স্কুলগুলির জন্য দক্ষতা-ভিত্তিক পাঠক্রম তৈরি করা

8. যে সকল পরিষেবা প্রদানকারী ওষুধে কম প্রতিনিধিত্ব করা গোত্রের এবং যারা নারির স্বাস্থ্যপরিচর্যা পরিষেবাগুলি অনুশীলন করতে চায় তাদের জন্য একটি শিক্ষাগত ঋণ মাফের কর্মসূচি (Educational Loan Forgiveness Program) তৈরি করা

9. নিউ ইয়র্ক স্টেটে প্রসবোত্তর পরিচর্যা সর্বোত্তম করতে স্টেট জুড়ে বিশেষজ্ঞ কর্মীদলের সূচনা

10. সর্বব্যাপী প্রসবের জন্য প্রস্তুতি এবং প্রসবোত্তর পরিচর্যা অব্যাহত রাখার প্রচার

রিপোর্টটির মুখ্য ফলাফল:

- 2016 সালে, প্রসবকালীন মৃত্যু, তার সাথে সুস্পষ্ট জাতিগত বৈষম্যের ক্ষেত্রে দেশের মধ্যে নিউ ইয়র্ক স্টেট 30তম স্থানে ছিল।
- রিপোর্ট অনুযায়ী নিউ ইয়র্কে প্রসবকালীন মৃত্যুর হার 2001-2003 সালে প্রতি 100,000 জনের জন্মের পরিপ্রেক্ষিতে 15.4 জন থেকে বেড়ে 2014-2016 সালে প্রতি 100,000 জনের জন্মের পরিপ্রেক্ষিতে 19.6 জন হয়। এই সময়কালে মার্কিন যুক্তরাষ্ট্রে মৃত্যুর হার দ্বিগুণ হয়ে যায়।
- 2012-2014 সালে, নিউ ইয়র্ক স্টেটের 66% প্রসব সংক্রান্ত মৃত্যুতে জড়িত ছিল একটি সিজারিয়ান বিভাগ, যাতে অন্য যে কোনো সার্জারির মত জটিলতার সম্ভাবনা বেড়ে গেছিল।
- 2012-2014 সালে নিউ ইয়র্ক স্টেটে প্রসবকালীন মৃত্যুর একটি পর্যলোচনায়, গর্ভাবস্থা সংক্রান্ত মৃত্যুর অন্যতম প্রধাণ পাঁচটি কারণ ছিল এম্বলিস্ম (24%), রক্তক্ষরণ (16%), সংক্রমণ (16%), কার্ডিওমায়োপ্যাথি (12%), এবং উচ্চ রক্তচাপ ব্যাধি (7%)। গর্ভাবস্থা সংক্রান্ত মৃত্যুর পয়ষট্টি শতাংশ গর্ভাবস্থা শেষের এক সপ্তাহের মধ্যে ঘটে।
- 2012-2014 সালের প্রসবকালীন মৃত্যুর পর্যালোচনা দলে গর্ভাবস্থার সাথে সংযুক্ত, কিন্তু সম্পর্কিত নয় অন্যতম প্রধাণ পাঁচটি কারণ হল উপাদানের অপব্যবহার (30%), মোটর গাড়ি দুর্ঘটনা (22%),আত্মহত্যা (17%), নরহত্যা (15%) এবং ক্যান্সার (14%)।

গভর্নর কুওমো প্রসবকালীন মৃত্যু এবং জাতিগত বৈষম্যের ফলাফলগুলির উপর টাস্কফোর্স গঠন করেন, যা 2018 সালের এপ্রিলে, প্রসবকালীন মৃত্যু হ্রাস এবং জাতিগত বৈষম্য দূরীকরণের বহুমুখী প্রচেষ্টার অংশ হিসাবে আরম্ভ হয়েছিল। টাস্কফোর্সটির অধিবেশন ডেকেছিলেন মেলিসা ডিরোসা, গভর্নরের সচিব এবং নিউ ইয়র্ক স্টেট

কাউন্সিল অন উইমেন অ্যান্ড গার্লসের (New York State Council on Women and Girls) সভাপতি; ক্যাথি হোচুল, লেফটেন্যান্ট গভর্নর; লেটিটিয়া জেমস, অ্যাটর্নিজেনারেল এবং তৎকালীন নিউ ইয়র্ক সিটি সরকারি আইনজীবি (New York City Public Advocate); এবং সদস্যদের মধ্যে ছিলেন নিউ ইয়র্ক স্টেট সেনেট এবং অ্যাসেমব্লী থেকে নিযুক্ত ব্যক্ত, সেই সাথে স্ত্রীরোগ ও ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞ, ধাত্রী, হসপিটালের প্রতিনিধি, প্রসূতির পরিচর্যাকারী, অন্যান্য অংশীদার এবং কমিউনিটির সদস্যবৃন্দ। টাস্কফোর্সটির সহ সভাপতি ছেলেন ডঃ হাওয়ার্ড জুকের, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health, NYSDOH) কমিশনার; সাসচা জেমস-কন্টেরেলি, DNP, CNM, LM, নিউ ইয়র্কের লাইসেন্স প্রাপ্ত ধাত্রীদের অ্যাসোসিয়েশনের (New York Association of Licensed Midwives, NYSALM) প্রেসিডেন্ট; ড্যানিয়েলি লারাকুই-এরিনা, MD, FAAP, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) আপস্টেট এর প্রাক্তন প্রেসিডেন্ট; এবং ওয়েন্ডি উইলক্স, MD, MPH, ডিপার্টমেন্ট অফ অবস্টেট্রিক্স এবং গায়নোকলজির (Department of Obstetrics and Gynecology) চেয়ারম্যান, নিউ ইয়র্ক সিটি হেলথ অ্যান্ড হসপিটালস (New York City Health and Hospitals), কিংস কাউন্টি।

প্রসবকালীন মৃত্যু এবং বর্ণ বৈষম্যের ফলাফলসমূহের উপর টাস্কফোর্সটি (দ্যা টাস্কফোর্স) 2018 সালের জুন থেকে ডিসেম্বর মাসের মধ্যে তিন বার মিলিত হয়েছে। এই মিটিংগুলির সময়, টাস্কফোর্স নিউ ইয়র্ক স্টেটে প্রসবকালীন মৃত্যুর তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রে প্রসবকালীন মৃত্যুর দেশের আভ্যন্তরীণ ভূভাগের দৃশ্য সেই সাথে কৃষ্ণাঙ্গ নারিদের মধ্যে প্রসবকালীন স্বাস্থ্যের উপর বর্ণ বৈষম্যের প্রভাব সম্পর্কে স্টেট এবং জাতীয় বিশেষজ্ঞ এবং কমিউনিটির অংশীদারদের মতামত শুনেছিল। কি উপায়ে বর্ণ বৈষম্য হ্রাস করা যায় এবং প্রসবকালীন মৃত্যু এবং অসুসস্থতা প্রতিরোধ করা যায় টাস্কফোর্স সেই সম্পর্কে গভর্নরকে সুপারিশগুলি জমা দেয়।

টাস্কফোর্সের মিটিংগুলি থেকে, কমিশনার জুকেরের নেতৃত্বে সমগ্র স্টেটের কমিউনিটির মতামত নেওয়ার সময়কালে এবং মিটিং বা কনফারেন্স শেষ হওয়ার পর সেখান থেকে বেরোনো ব্যক্তিদের সাথে কথা বলে সুপারিশগুলির জন্য তথ্য সংগ্রহ করা হয়েছিল। অসংখ্য প্রস্তাব ছিল, এবং টাস্কফোর্স সদস্যদের সুপারিশের পরে, নিউ ইয়র্কে প্রসবকালীন মৃত্যুর হার এবং অসুস্থতা এবং বর্ণ বৈষম্য হ্রাস করতে টাস্কফোর্স দশটি সুপারিশ বেছে নিয়েছে।

উপরন্তু, গভর্নর কুওমো তার স্টেট অফ দ্যা স্টেট বক্তৃতায়, টাস্কফোর্সের সবথেকে ভালো দশটি সুপারিশ অবিলম্বে কার্যকর করার প্রতিশ্রুতি দিয়েছে, যার মধ্যে আছে একটি প্রসবকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড (Statewide Maternal Mortality Review Board) আরম্ভ করা, হসপিটালগুলির জন্য একটি সংগঠিত বর্ণ বৈষম্য প্রতিরোধের প্রশিক্ষণ তৈরি করা, কমিউনিটি স্বাস্থ্য কর্মী কর্মসূচিগুলিতে বিনিয়োগ এবং প্রসব সংক্রান্ত ফালফলগুলির উপর একটি তথ্যভান্ডার তৈরি করা। এই গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির অর্থায়নের জন্য 2019-2020 এক্সিকিউটিভ বাজেটে দু বছর ধরে 8 মিলিয়ন ডলার দেওয়ার প্রতিশ্রুতিও দিয়েছেন।

গভর্নর কুওমো আমেরিকান ধাত্রীবিদ্যা বিশারদ এবং স্ত্রীরোগ বিশেষজ্ঞ কলেজের (American College of Obstetricians and Gynecologists, ACOG) এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে স্বাস্থ্য বিভাগকে, জন্ম দেওয়ার পরে অবিলম্বে সংকটপূর্ণ সময়কে লক্ষ্য করে প্রসবোত্তর যত্নের উপর সুপারিশগুলি গঠনের জন্য একত্রে আহ্বান জানাবেন। সদস্যরা বাকি সুপারিশগুলি দীর্ঘমেয়াদে বাস্তবায়িত করার মূল্যায়ন প্রক্রিয়ায় আছে।

এই সমস্ত প্রস্তাবগুলি স্থানীয় কমিউনিটি সদস্যদের সাথে আলোচনা করা হবে, এবং স্বাস্থ্য দপ্তর (DOH) চলতে থাকা কমিউনিটি ফোরামের মাধ্যমে প্রসবকালীন স্বাস্থ্য এবং প্রতিকূল জন্মের ফলাফলসমূহের উপর এই অংশীদারীত্ব অব্যাহত রাখবে।

উপরন্তু, গভর্নর প্রসবকালীন মৃত্যুর সমাধানের জন্য DOH কে প্রসবকালীন পরিচর্যার মূল্য- ভিত্তিক অর্থপ্রদানের বন্দোবস্ত করা, পরিষেবা প্রদানকারীদের জন্য বীমার অর্থ পরিশোধের হারগুলি পরীক্ষা করা, কার্যকর কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলির সম্প্রসারণ, এবং বৈচিত্রপূর্ণ কর্মীবল গঠনের উদ্যোগের বিকাশ সহ অতিরিক্ত একাধিক-বছরের হস্তক্ষেপগুলি অন্বেষণ করার নির্দেশ দেবে।

"গত শতকে আমাদের দেশ চিকিৎসা ক্ষেত্রে অনেক অগ্রগতি দেখেছে, তা সত্বেও অত্যধিক সংখ্যক কৃষ্ণাঙ্গ নারি যারা সন্তানের জন্ম দেওয়ার সময় মারা যায়, এবং আমরা এই অবিচার সংশোধন করতে এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটের মায়েদের জীবন রক্ষা করতে বদ্ধপরিকর", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের প্রসবকালীন মৃত্যু প্রতিরোধের টাস্কফোর্সের মাধ্যমে, আমরা প্রতিটি দৃষ্টিকোণ থেকে এই সমস্যাটি পরীক্ষা করছি, এবং এই সংকটটির সমাধান করতে বলিষ্ঠ প্রস্তাবগুলি গ্রহণ করছি। এই সুপারিশগুলি কার্যকর করার মাধ্যমে, আমরা আমাদের সমাজের কাঠামোগত বর্ণ বৈষম্য যা প্রায়ই একটি মর্মান্তিক ঘটনায় গিয়ে শেষ হয়, সেটিকে শেষ করতে পদক্ষেপ গ্রহণ করছি।"

গভর্নরের সচিব এবং কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস এর সভাপতি মেলিসা ডিরোজা বলেছেন, "প্রজনন ক্ষমতা নারি সাম্যের ভিত্তি -- এটি আমাদের পরিবার, আমাদের পেশাগত জীবন, আমাদের স্বাস্থ্য এবং আমাদের সমগ্র জীবনকে প্রভাবিত করে। নিউ ইয়র্কে নতুন মা হয়েছেন এবং মা হতে চলা সকল নারিদের উচ্চ মানের স্বাস্থ্য পরিচর্যা প্রদান করতে আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করব। এই বছর, উইমেন'স জাস্টিস জেন্ডার একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে, প্রসবকালীন মৃত্যুতে বর্ণ বৈষম্য হ্রাস করতে আমাদের অবশ্যই এই নতু পদক্ষেপগুলি নিতে হবে এবং নিউ ইয়র্কের সমস্ত মায়েদের সহায়তা করতে হবে।"

"এটি একটি দুঃখজনক সত্য যে নিউ ইয়র্কে কৃষ্ণাঙ্গ নারীদের প্রসবের সময় মারা যাওয়ার সম্ভাবনা শ্বেতাঙ্গ নারীদের তুলনায় চারগুণ বেশি। যখন প্রসবকালীন মৃত্যুর বিরুদ্ধে লড়াই করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি নেওয়া হয়েছে, এটি খুবই বিরক্তিকর যে এই স্টেটে এখনও বহুল পরিমাণে বর্ণ বৈষম্য রয়ে গেছে", **অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস বলেছেন।** "বর্ণ বা আর্থসামাজিক স্থিতি নির্বিশেষে নারিদের যাতে উচ্চ গুণমানের, সাশ্রয়ী স্বাস্থ্যসেবায় অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে আমাদের অবশ্যই আমাদের প্রচেষ্টাতে আন্তরিক ও সৎ হতে হবে।"

"কৃষ্ণাঙ্গ নারিদের, বিশেষ করে আফ্রিকান-আমেরিকান নারিদের পরিচর্যার ক্ষেত্রে বর্ণ বৈষম্যের সমাধানে টাস্ক ফোর্সের এই রিপোর্টের প্রকাশ একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি", **অ্যাসেমব্লীওম্যান লাটোয়া জয়নার বলেছেন,** "আমি গভর্নর কুওমোর টাস্ক ফোর্সের সুপারিশগুলির প্রশংসা করি, সমগ্র স্টেটে একটি প্রসবকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড গঠনকে আইনে পরিণত করতে এর সহায়তাকে সমর্থন করি এবং আমরা যেহেতু স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে এই অত্যধিক বর্ণ বৈষম্য যা নিউ ইয়র্কের কৃষ্ণাঙ্গ নারিদের পাওয়া পরিচর্যাকে এত প্রতিকূলভাবে প্রভাবিত করছে সেটিকে নির্মূল করতে প্রশাসনের মধ্যে আমার অংশীদারদের সহযোগিতার আশা রাখব।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "শিশুর জন্ম পরিবারের জন্য একটি খুশির সময়, ভয় এবং অন্যায্য বর্ণ বৈষম্যের কলঙ্ক ছাড়াই। এই সুপারিশগুলি, সেই সাথে আমাদের ইতিমধ্যে নেওয়া পদক্ষেপগুলি, সমাজের মধ্যে বর্ণ বৈষম্য দূরীভূত করতে সুদূরপ্রসারী হবে, যাতে সমস্ত নারিকে সমানভাবে দেখা হয়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন